

# India offers support for Africa to fight the Omicron variant

November 29, 2021

## ওমিক্রন ভ্যারিয়েন্টের বিরুদ্ধে লড়াইয়ে ভারত আফ্রিকাকে সাহায্যের প্রস্তাব দিয়েছে।

নভেম্বর 29, 2021

আমরা কোভিড-19-এর এক নতুন ভেরিয়েন্টের উদ্ভব লক্ষ্য করেছি। আমরা বিশেষত আফ্রিকার দেশগুলির প্রতি যারা এখনও পর্যন্ত ওমিক্রন ভেরিয়েন্ট দ্বারা আক্রান্ত হয়েছেন তাদের প্রতি আমাদের সংহতি ব্যক্ত করছি

ভারতে তৈরি করা টিকার সরবরাহ সহ ভারত সরকার আফ্রিকার ক্ষতিগ্রস্ত দেশগুলিকে ওমিক্রন ভেরিয়েন্টের সাথে মোকাবিলা করার ক্ষেত্রে সাহায্য করার জন্য ভারত সরকার প্রস্তুত হয়ে আছে। কোভ্যাক্সের মাধ্যমে অথবা দ্বিপাক্ষিকভাবে সরবরাহ করা যেতে পারে। এই পরিপ্রেক্ষিতে, মালাউই, ইথিওপিয়া, জাম্বিয়া, মোজাম্বিক, গিনিয়া এবং লেসোথোর মত আফ্রিকান দেশগুলিতে সহ কোভ্যাক্সের মাধ্যমে অর্ডার করা কোভিশিল্ড সরবরাহের ছাড়পত্র ভারত সরকার দিয়ে দিয়েছে। আমরা বোতস্বানাতেও কোভ্যাক্সিন সরবরাহের ছাড়পত্র দিয়ে দিয়েছি। দ্বিপাক্ষিকভাবে হোক অথবা কোভ্যাক্সের মাধ্যমেই হোকনা কেন যেকোন নতুন পরিকল্পিত প্রয়োজনীয়তাকে দ্রুততার সাথে বিবেচনা করা হবে।

যদি প্রয়োজন হয় তাহলে প্রয়োজনীয় জীবন দায়ী ওষুধ, টেস্ট কিটস, গ্লাভস, পিপিই কিটস এবং ভেন্টিলেটরের মত চিকিৎসা সামগ্রী সরবরাহ করার জন্য ভারত প্রস্তুত রয়েছে। ভারতীয় প্রতিষ্ঠানগুলি তাদের আফ্রিকার সমতুল্যদের সাথে জেনোমিক নজরদারি এবং ভাইরাসের চরিত্র সম্পর্কিত গবেষণার ক্ষেত্রে সহযোগিতাকে অনুকূলতার সাথে বিবেচনা করবে।

[ দ্রষ্টব্য: ভারত এখন পর্যন্ত, 16টি দেশে প্রায় 1 মিলিয়ন ডোজ অনুদান হিসেবে এবং 33 টি দেশে কোভ্যাক্স সুবিধাপ্রদানের অধীনে 16 মিলিয়নেরও বেশী ডোজ সরবরাহ করেছে এবং সেইসাথে আফ্রিকার 41 টি দেশে 25 মিলিয়ন ডোজেরও বেশী মেড-ইন-ইন্ডিয়া ভ্যাকসিন সরবরাহ করেছে।]

নিউ দিল্লি

নভেম্বর 29, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.